

তুমি আমার পশুরাণী,
গহন বনের পক্ষী-প্রাণী,
জনম-দাত্রী ঠাকুরাণী,

কোলে দেছ স্থান ।

আপন দুঃখ বেদন ভুলে
আমায় নেছ বুকে তুলে,
এই ভিক্ষা চরণ-মূলে—

রাখি তোমার মান ।

শ্রীঅনিলকুমার সরকার

প্রথম বার্ষিক শ্রেণী ।

মুক্তিপথের যাত্রী

মুক্তি-পথের যাত্রী মোরা

গুপ্ত তেজের মঞ্জরী ।

আঁধার-কারার বাঁধন ভেদি'

মুক্ত আলোয় সঞ্চরি ।

মায়ের আশার গুপ্ত মানিক

চিত্তে মোদের জ্বলছে আজ ।

ছাইব জগৎ সেই আলোতে

এইত মোদের সবার কাজ ।

ডাক্ছে মো'দের দেশ-জননী,
 চ'ল্বে স'বাই অগ্রে চল ;
 দৃপ্ত বুকে আয় রে নিয়ে
 দেশের সেবায় আত্মবল ।

শ্রীঅখিলচন্দ্র দাশ
 প্রথম বার্ষিক বিজ্ঞান বিভাগ ।

লালা লাজপৎ রায়

কোন্ সেই শুভদিনে ভারত-পশ্চিমে
 জন্মেছিলে তুমি বীর ভারত-গৌরব ?
 অস্তুরের অস্তুরে জেগেছিল কবে
 দারুণ বেদনা তব মাতৃদুঃখ স্মরি' ?
 মৃত্যুহীন প্রাণ লয়ে এসেছিলে যবে,
 সর্ব স্বার্থ সাঁপে দিতে জননী'র পদে,
 মহাত্মার প্রিয় মিত্র ! জানেনি তখন
 পরাধীন অবজ্ঞাত দীন এ ভারত
 মহিমা তোমার । অন্যায়-পেষণ-জাত
 নিদারুণ মর্ষব্যথা ভারত মাতার
 তুমি সত্য বুঝেছিলে, তাই পেলে স্থান
 ত্রিশকোটি সন্তানের মানস-মন্দিরে ।